# ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (ডিএফইডি)
## (ঢাকা আহ্ছানিয়া মিশনের একটি প্রতিষ্ঠান)

ঢাকা আহ্ছানিয়া মিশন ১৯৫৮ সাল থেকে আর্ত-মানবতার সেবায় মাঠ পর্যায়ে কাজ করে যাচ্ছে। ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (ডিএফইডি) ঢাকা আহ্ছানিয়া মিশনের একটি প্রতিষ্ঠান হিসেবে ২০১৩খ্রি. থেকে ফাউন্ডেশন হিসেবে প্রাতিষ্ঠানিকভাবে মাঠ পর্যায়ে বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করে আসছে। এটি জাতীয় পর্যায়ে কর্মরত একটি বেসরকারী উন্নয়ন সংস্থা যা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ প্রাপ্ত, যার সনদ নং-০০১০৯-০২২৪৩-০০৭৪৭ এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত। বর্তমানে ডিএফইডি-এর বিনিয়োগ কার্যক্রম সম্প্রসারণ ও বাস্তবায়নকল্পে নিম্নে উল্লিখিত পদে উল্লেখযোগ্য সংখ্যক লোক নিয়োগ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম | গ্রেড | বয়স | পদের সংখ্যা | আবশ্যিক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মাসিক বেতন/ভাতাদি |
|---|---|---|---|---|---|---|
| ১. | জোনাল ম্যানেজার | গ্রেড-১০ | সর্বোচ্চ ৫০ বছর [অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য] | ৫টি | যে কোন বিষয়ে স্নাতকোত্তর/সমমান পাশ **[অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য]।** বেসরকারী উন্নয়ন সংস্থায় ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নে জোনাল ম্যানেজার বা সমমান পদে ৩ বছরের অধিক সময় কাজ করার অভিজ্ঞতাসহ মোট ৬ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | প্রারম্ভিক বেতন ৬০,০০০/-। শিক্ষানবিসকাল শেষে সর্বসাকুল্যে (গ্রস) বেতন ৭০,৮২৫/- টাকা [অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে]। |
| ২. | এরিয়া ম্যানেজার | গ্রেড-৮ | সর্বোচ্চ ৪৫ বছর [অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য] | ১০টি | যে কোন বিষয়ে স্নাতকোত্তর/সমমান পাশ **[অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য]।** বেসরকারী উন্নয়ন সংস্থায় ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নে এরিয়া ম্যানেজার/সমমান পদে ২ বছরের অধিক সময় কাজ করার অভিজ্ঞতাসহ মোট ৪ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | প্রারম্ভিক বেতন ৩৫,৪০০/-। শিক্ষানবিসকাল শেষে সর্বসাকুল্যে (গ্রস) বেতন ৪৩,৬৮৫/- টাকা [অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে]। |
| ৩. | ব্রাঞ্চ ম্যানেজার | গ্রেড-৭ | সর্বোচ্চ ৪০ বছর [অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য] | ৩০টি | যে কোন বিষয়ে স্নাতকোত্তর/সমমান পাশ **[অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য]।** বেসরকারী উন্নয়ন সংস্থায় ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নে ব্রাঞ্চ ম্যানেজার পদে ১ বছর কাজ করার অভিজ্ঞতাসহ মোট ৩ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | প্রারম্ভিক বেতন ৩৩,৩০০/-। শিক্ষানবিসকাল শেষে সর্বসাকুল্যে (গ্রস) বেতন ৪১,০৩০/- টাকা [অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে]। |
| ৪. | ফিল্ড অফিসার | গ্রেড-৬ | সর্বোচ্চ ৩২ বছর | অনির্ধারিত | যে কোন বিষয়ে স্নাতকোত্তর/সমমান পাশ। | প্রারম্ভিক বেতন ২৯,৭০০/-। শিক্ষানবিসকাল শেষে সর্বসাকুল্যে (গ্রস) বেতন ৩৬,৬০৫/- টাকা। |
| ৫. | ফিল্ড অর্গানাইজার | গ্রেড-৫ | সর্বোচ্চ ৩২ বছর | অনির্ধারিত | স্নাতক/সমমান পাশ। | প্রারম্ভিক বেতন ২৪,৩০০/-। শিক্ষানবিসকাল শেষে সর্বসাকুল্যে (গ্রস) বেতন ৩০,১১৫/- টাকা। |
| ৬. | জুনিয়র ফিল্ড অর্গানাইজার | গ্রেড-৪ | ২২-৩০ বছর | অনির্ধারিত | এইচএসসি/সমমান পাশ | প্রারম্ভিক বেতন ২২,৫০০/-। শিক্ষানবিসকাল শেষে সর্বসাকুল্যে (গ্রস) বেতন ২৭,৭৫৫/- টাকা। |
| ৭. | হিসাবরক্ষক | গ্রেড-৬ | সর্বোচ্চ ৩২ বছর | অনির্ধারিত | ব্যবসায় প্রশাসনে স্নাতকোত্তর অথবা সমমান পাশ। | প্রারম্ভিক বেতন ২৯,৭০০/-। শিক্ষানবিসকাল শেষে সর্বসাকুল্যে (গ্রস) বেতন ৩৬,৬০৫/- টাকা। |

**অন্যান্য সুযোগ সুবিধাঃ**
- সাপ্তাহিক ছুটি ২ দিন (শুক্রবার এবং শনিবার)।
- সকল পদের ক্ষেত্রে মাসিক বেতন/ভাতাদি ছাড়াও যোগদানের পর থেকে প্রতি কর্মদিবসের জন্য ২০০/- টাকা হারে লাঞ্চভাতা প্রাপ্য হবেন।
- শিক্ষানবিসকাল ৬ মাস, নিয়মিত হলে সংস্থার নিয়মানুযায়ী শিশু শিক্ষাসহায়ক ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে), উৎসব ভাতা, প্রভিডেন্ট ফান্ড, আকর্ষণীয় গ্রাচ্যুইটি ফান্ড, বার্ষিক বেতনবৃদ্ধি (ইনক্রিমেন্ট), পদোন্নতি ও ইন্স্যুরেন্স এর সুবিধা রয়েছে।
- প্রতিমাসে বিধি অনুসারে মোবাইল বিল প্রাপ্য হবেন।
- ১নং-৬নং পদের প্রার্থীগণ সংস্থার মোটরসাইকেল বিধি অনুসারে মোটরসাইকেল জ্বালানী ও মেরামত খরচ প্রাপ্য হবেন।
- ৩নং থেকে ৭নং পদে নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ (নারী ও পুরুষ উভয়ই) বিনামূল্যে আবাসন সুবিধা পাবেন।

**অন্যান্য শর্তাবলীঃ**
- নিয়োগপ্রাপ্ত হলে ১নং থেকে ৩নং পদের প্রার্থীগণ ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ৪নং থেকে ৭নং পদে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) সংস্থায় জমাদান বাধ্যতামূলক, তবে ছয় মাসের পূর্বে অর্থাৎ নিয়মিতকরণের পূর্বে চাকরি ছেড়ে দিলে জামানত অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- সকল পদের প্রার্থীদের মোটর সাইকেল চালনায় এবং কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে।

আগ্রহী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি, দুই কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, ২ জন প্রতিষ্ঠিত ব্যক্তির রেফারেন্স, ই-মেইল ও মোবাইল ফোন নম্বর উল্লেখপূর্বক দরখাস্তসহ পূর্ণ জীবনবৃত্তান্ত খামের উপর পদের নাম উল্লেখ করে আগামী ৩১/৭/২০২৬খ্রি. তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (ডিএফইডি), প্রধান কার্যালয়, বাড়ী নং-৮৫২, সড়ক নং-১৩, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পাঠাতে হবে। বিস্তারিত জানতে ভিজিট করুন- www.dfed.org.bd/get-involved/jobs/

পরীক্ষার তারিখ, পরীক্ষার স্থান ও সময় পরবর্তীতে দরখাস্তে প্রদত্ত মোবাইল ফোনে জানানো হবে। শুধুমাত্র বাঁছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে। পরীক্ষার জন্য কোন TA/DA প্রাপ্য হবেন না।

বিশেষ দ্রষ্টব্যঃ নিয়োগ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই। সেক্ষেত্রে বিকাশ/রকেট/নগদ মোবাইল ব্যাংকিং বা অন্য কোন মাধ্যমে কারো সাথে আর্থিক লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট চাকরি প্রার্থীদেরকে পরামর্শ দেয়া হলো।

**সকল পদে নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।**
**"ধুমপায়ীদের আবেদন করার ক্ষেত্রে নিরুৎসাহিত করা হচ্ছে"**